# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর ২৬/০৮/২০২১ তারিখের ৬২৭(৮)/৩য়-১৮/সংস্থাপন স্মারকে গঠিত "অভিযোগ প্রতিকার ও ব্যবস্থাপনা" (G.R.S) কার্যক্রম পরিচালনা কমিটি" অত্র শিক্ষা বোর্ডের অভিযোগ প্রতিকার ও ব্যবস্থাপনা (G.R.S) সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গঠিত কমিটির সদস্যদের নিয়ে অদ্য ০৬/০১/২০২২ তারিখ বৃহস্পতিবার বিকাল ০৪:০০ ঘটিকায় অত্র শিক্ষা বোর্ডের উপ পরিচালক (হি: নি:), জনাব মো: বাদশা হোসেন এর অফিস কক্ষে ১ম সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষা বোর্ডের সম্মানিত উপ পরিচালক (হি: নি:) জনাব মো: বাদশা হোসেন। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং বিভিন্ন বিষয়ে সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দ</u>**

| ক্র:নং | নাম ও পদবী | | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব মো: বাদশা হোসেন, উপ পরিচালক (হি: নি:)<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | আহ্বায়ক | ০৬/০১/22 |
| ২. | জনাব মো: জাহিদুর রহিম, উপ পরীক্ষা নিয়ন্ত্রক<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | সদস্য | ৬/১/22 |
| ৩. | জনাব মো: আজাহার আলী, প্রশাসনিক কর্মকর্তা<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | সদস্য | ৬/১/22 |
| ৪. | জনাব মো: নেসার উদ্দীন আহম্মদ উপ সচিব (প্রশাসন)<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | বিকল্প ফোকাল পয়েন্ট | ০৬/১/22 |
| ৫. | জনাব হোসনে আরা আরজু, উপ-বিদ্যালয় পরিদর্শক<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী | ফোকাল পয়েন্ট | ৬/১/2022 |

আলোচ্য বিষয়-১ : প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা।

সিদ্ধান্ত-১ : স্মারক নং -৮৫৯(৩) ১ম - ৭২/সং (৩য়), তাং- ২৯/১১/২১ আদেশে ২ (দুই) টি ব্যাচের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের জন্য সম্ভাব্য তারিখ হিসেবে যথাক্রমে ২২/০১/২০২২ ও ২৯/০১/২০২২ নির্ধারনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হলো।এ বিষয়ে প্রশিক্ষণ পরিচালনার জন্য প্রশিক্ষক জনাব মো: ফরহাদ হোসেন পরিচালক , জেলা তথ্য অফিস, রাজশাহী, অভ্যন্তরীন প্রশিক্ষক জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম, সিনিয়র সিস্টেম এনালিষ্ট(চ:দা:) রাজশাহী শিক্ষা বোর্ড এবং উক্ত তারিখে প্রশিক্ষণ গ্রহনের জন্য প্রশিক্ষনার্থীদের অবহিত করে পত্র দেওয়ার জন্য সংস্থাপন শাখাকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়-২ : প্রশিক্ষণ পরিচালনার ব্যয় নির্ধারণ সংক্রান্ত আলোচনা।

সিদ্ধান্ত-২ : সংস্থাপন শাখার স্মারক নং -৮৭৪(৯) ১ম - ৭২/সং (৩য়), তাং- ০২/১২/২১ প্রস্তাব মোতাবেক খাতওয়ারী সম্ভাব্য হিসাব নিম্নরূপ:

| ক্র: নং | বিষয় | সংখ্যা | মোট টাকা |
|---|---|---|---|
| ১ | অভ্যন্তরীন প্রশিক্ষক | ১ | ১৫০০.০০ |
| ২ | বহিরাগত প্রশিক্ষক | ১ | ২০০০.০০ |
| ৩ | প্রশিক্ষণ গ্রহরকারী কর্মকর্তা | ২২ | ১৭৬০০.০০ |
| ৪ | প্রশিক্ষণ কাজে সহয়তাকারী স্টুয়ার্ট শাখা | ২ | ১৬০০.০০ |
| ৫ | প্রশিক্ষণ কাজে সহয়তাকারী কর্মকর্তা | ২ | ৮০০.০০ |
| ৬ | প্রশিক্ষণ কাজে সহায়ক কর্মচারী | ২ | ৮০০.০০ |
| ৭ | প্রধান অতিথি | ১ | ৩০০০.০০ |
| ৮ | বিশেষ অতিথি | ১ | ২০০০.০০ |
| ৯ | অন্যান্য খরচ ( খাতা , কলম ও প্যাড) | ২২×৫০ | ১১০০.০০ |
| ১০ | সকালের নাস্তা | ৪০×৫০ | ২৪০০.০০ |
| ১১ | দুপুরের খাবার | ৪০×২৮৫ | ১১৪০০.০০ |
| ১২ | বিকালের নাস্তা | ৪০×৬০ | ২৪০০.০০ |
| | এক দিনের খরচ: | | ৪৬৬০০.০০ |
| | দুই দিনের মোট খরচ: | ৪৬৬০০×২ | ৯৩২০০.০০ |

আলোচ্য বিষয়-৩ : আনুষাঙ্গিক ব্যয় প্রসঙ্গে আলোচনা।

সিদ্ধান্ত-৩ : প্রশিক্ষণ সুষ্টু ও সুন্দরভাবে পরিচালনার জন্য আনুমানিক ব্যয় নিম্নরুপ:

০১। দুই দিনের প্রজেক্টর বাবদ ৫০০০ (পাঁচ হাজার) টাকা ( বাস্তবায়নে মো: আজাহার আলী প্রশাসনিক কর্মকর্তা।)

০২। ব্যানার তৈরি বাবদ ৯০০ (নয়শত) টাকা। (ঐ)

০৩। নাস্তা বিষয়ে ষ্টুয়ার্ট শাখাকে দায়িত্ব প্রদান। ( নিরাপত্তা অফিসার)

০৪। গেজেট ফটোকপি ২০০০ (দুই হাজার) টাকা।

আলোচ্য বিষয়-৪ : প্রশিক্ষণের ব্যয় নির্ধানের জন্য অগ্রীম গ্রহণ

সিদ্ধান্ত-৪ : ২২/০১/২০২২ এবং ২৯০১/২০২২ তারিখ এই ২(দুই) দিনের প্রশিক্ষণ ও অন্যান্য ব্যয় বাবদ= (৫৪৫০০/-×২)=১০৯০০০/- (এক লক্ষ নয় হাজার) টাকা অগ্রীম গ্রহণের জন্য কমিটির সদস্য জনাব মো: আজাহার আলী, প্রশাসনিক কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হলো। তিনি বিধি মোতাবেক আয় কর ও ভ্যাট কর্তন পূর্বক বর্ণিত “ছক” মোতাবেক অর্থ ব্যয় করে ভাউচারের মাধ্যমে অগ্রীম টাকা সমন্বয় করবেন।

আলোচ্য বিষয়-৫ : বিবিধ

সিদ্ধান্ত-৫ : প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ গ্রহণের ব্যাপারে উৎসাহ ও উদ্দীপনা তৈরীর জন্য কমিটির সকল সদস্য তাদের সাথে ব্যক্তিগত ভাবে সরাসরি যোগাযোগ রক্ষা করবেন। অভ্যন্তরীণ ও বহিরাগত প্রশিক্ষকের সাথে যোগাযোগের জন্য ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট যোগাযোগ করবেন।

আলোচ্য বিষয়-৬ : অভিযোগ প্রাপ্তি প্রসঙ্গে আলোচনা।

সিদ্ধান্ত-৬ : অভিযোগ প্রতিকার ও ব্যবস্থাপনা কমিটি গঠিত হওয়ার পর ২৬/০৮/২০২১ হতে ৩১/১২/২০২১ তারিখ পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী শিক্ষা বোর্ডে মোট ১৫ টি ( বিদ্যালয় শাখায় ১১টি ও কলেজ শাখায় ৪টি) অভিযোগ পাওয়া গেছে। অভিযোগ সমূহের তদন্ত চলছে। কোন অভিযোগ নিষ্পত্তি হয়নি।

সভায় আর কোন আলোচনা বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

০৬/০৭/২২

জনাব মো: বাদশা হোসেন
আহ্বায়ক
অভিযোগ প্রতিকার ও ব্যবস্থাপনা (জি আর এস)
পরিচালনা কমিটি
ও
উপ-পরিচালক (হি:নি:)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী